



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফ্রেডিট বিভাগ-২

ফোন : ৯৫৫৭৯৮৮

ফ্যাক্স : ০২-৯৫৬১২১১

Email : dgmpdd@krishibank.org.bd

প্রকা/ফ্রেবি-২/ক্রমা-৩২৫/২০১৯-২০২০/৫০৫

তারিখ : ১৭-১১-২০১৯ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়সমূহ।

বিষয় : ১০(দশ) টাকার হিসাবধারীদের জন্য গঠিত ২০০ কোটি টাকা পুনর্অর্থায়ন স্কীমের আওতায় ২০১৯ সালের (জানুয়ারী-ডিসেম্বর) স্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ ঋণ বিতরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র কার্যালয়ের ১৭-১০-২০১৯ ইং তারিখের পত্র নং প্রকা/ফ্রেবি/ক্রমা-৩২৫/২০১৯-২০২০/৪১২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকাণ্ডকে বিস্তৃত করার জন্য এবং ভিন্ন ভিন্ন পেশার দরিদ্র ব্যক্তিদের নামে খোলা ১০ টাকার হিসাবগুলো সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে ২০০ কোটি টাকার আবর্তনশীল পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হয়।

০৩। ৩০-০৯-২০১৯ তারিখ পর্যন্ত বিভাগওয়ারী বিতরণ ও অর্জনের অবস্থা নিম্নে উল্লেখ করা হলোঃ-

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	লক্ষ্যমাত্রা ২০১৯ (জানুঃ-ডিসেঃ) পর্যন্ত	৩০-০৯-২০১৯ পর্যন্ত অনুপাতিক লক্ষ্যমাত্রা	৩০-০৯-২০১৯ পর্যন্ত অর্জন	হার	মন্তব্য (+) (-)
০১	ঢাকা	১৯৫.০০	১৪৬.০০	৬৬.৫১	৩৪%	(-) ৭৯.৪৯
০২	ময়মনসিংহ	১৩০.০০	৯৮.০০	৭৫.০৮	৫৮%	(-) ২২.৯২
০৩	চট্টগ্রাম	৯৫.০০	৭১.০০	৪৬.২৬	৪৯%	(-) ২৪.৭৪
০৪	কুমিল্লা	১২৫.০০	৯৪.০০	২৭.৫১	২২%	(-) ৬৬.৪৯
০৫	সিলেট	১৫৭.৫০	১১৮.০০	১০৮.৫২	৬৯%	(-) ০৯.৪৮
০৬	কুষ্টিয়া	৭০.০০	৫৩.০০	১৫.১৫	২২%	(-) ৩৭.৮৫
০৭	খুলনা	৯৭.৫০	৭৩.০০	৩১.৮০	৩৩%	(-) ৪১.২০
০৮	বরিশাল	১৬০.০০	১২০.০০	৯১.১৯	৫৭%	(-) ২৮.৮১
০৯	ফরিদপুর	১৬০.০০	১২০.০০	৬৮.৩৮	৪৩%	(-) ৫১.৬২

০৪। উপরোক্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় কোন বিভাগই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। গত ১২-১১-২০১৯ ইং তারিখে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে উল্লেখিত ঋণ কর্মসূচীর বিষয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় যে সকল বিভাগ ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি তাদেরকে অনতিবিলম্বে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের পরামর্শ প্রদান করা হয়। যা বছর শেষে বাংলাদেশ ব্যাংক কতৃক মনিটরিং করা হবে।

০৫। এমতাবস্থায়, অগ্রাধিকার খাত বিবেচনায় বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে বিষয়টির উপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আগামী ডিসেম্বর/২০১৯ এর মধ্যে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিশ্চিত করতে আপনার আওতাধীন অঞ্চলসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,  
(জাফরুল হাসান)  
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ), মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক। আপনার আওতাধীন শাখাসমূহকে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ প্রদানসহ বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য তাঁদেরকে অনুরোধ করা হলো।
- ০৪। অফিস নথি।